# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬১৫

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ আযানের ফযীলত

আরবী

وَعَن سَعدِ بنِ أَبي وَقَّاص عَنِ النَّبيِّ ﷺ أنَّه قَالَ مَنْ قَالَ حِيْنَ يَسْمَعُ المُؤَذّنَ : أَشْهَدُ أَنْ لاَ إِلَه إلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ رَضِيتُ بِاللهِ رَبّاً وَبِمُحَمَّدٍ رَسُوْلاً وَبِالإِسْلاَمِ دِيناً غُفِرَ لَهُ ذَنْبُهُ رواه مسلم

বাংলা

(৬১৫) সা’দ ইবনে আবী অক্কাস (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আযান শুনে যে ব্যক্তি এই দু’আ পড়বে, ’আশহাদু আল লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, অ আন্না মুহাম্মাদান আবদুহু অরাসূলুহ, রাযীত্তু বিল্লা-হি রাব্বাঁউ অ বিমুহাম্মাদির রাসূলাঁউ অ বিলইসলা-মি দ্বীনা।’

অর্থাৎ, আমিও সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন সত্য মাবুদ নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর দাস ও প্রেরিত রসূল। আল্লাহকে প্রতিপালক বলে মেনে নিতে, মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে নবীরূপে স্বীকার করতে এবং ইসলামকে দ্বীন হিসাবে গ্রহণ করতে আমি সম্মত ও তুষ্ট হয়েছি।

সে ব্যক্তির (ছোট ছোট) গুনাহ ক্ষমা ক’রে দেওয়া হবে।

ফুটনোট

(মুসলিম ৮৭৭, আবূ দাঊদ ৫২৫, তিরমিযী ২১০, নাসাঈ ৬৭৯, ইবনে মাজাহ ৭২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64134

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন